



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)

নম্বর-৩৩.০০.০০০০.১০৮.১১.০৮০.২১-১১৬০

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৯  
১৭ নভেম্বর ২০২২

### নিয়োগ পত্র

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ১৭তম গ্রেডে ‘ক্যাশ সরকার’ পদে নিয়েবর্ণিত প্রার্থীকে তাঁর নামের পার্শ্বে  
বর্ণিত পদ ও বেতনক্ষেত্রে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম	বেতনক্ষেত্র (জাতীয় বেতন ক্ষেত্র/২০১৫ অনুযায়ী)
১	1300159	মাফুজুর রহমান (MAFUZUR RAHMAN) পিতা-মোঃ নামু মিয়া মাতা-মনোয়ারা বেগম	গ্রাম-ছোট খারদিয়া ডাকঘর-গীরের চর উপজেলা-ভাঙ্গা জেলা-ফরিদপুর।	ক্যাশ সরকার	টাঃ ৯০০০-২১৮০০/-

০২। আগামী ১১ ডিসেম্বর ২০২২ তারিখে উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ  
সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র  
বাতিল বলে গণ্য হবে।

### নিয়োগের শর্তাবলী:

- ক. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
- খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস  
থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে  
নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরীর অবসান ঘটাতে পারবেন।
- গ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত  
হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যক্তিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ঘ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা ও ডোপ পরীক্ষা সংক্রান্ত স্বাস্থ্যগত  
সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা ও ডোপ পরীক্ষার প্রতিবেদনে কোন বিরুপ মন্তব্য থাকলে  
এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাধাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল  
করার ক্ষমতা রাখেন।
- ঙ. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি ও সকল শিক্ষা সনদের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা  
কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- চ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার  
কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ছ. চাকুরীতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী।
- জ. প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অংগীকারাবদ্ধ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য  
হবে।
- ঝ. কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র (Release Letter)  
গ্রহণপূর্বক জমা দিতে হবে।
- ঞ. এ চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

৩৪/—  
(আবুল কালাম আজাদ)  
উপসচিব  
ফোনঃ ৫৫১০১০৮০  
ই-মেইলঃ administration-2@mofl.gov.bd

নম্বর-৩৩.০০.০০০০.১০৮.১১.০৮০.২১-১১৬০

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৯  
১৭ নভেম্বর ২০২২

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোতির ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃঃ আঃ উপসচিব (নিরাপত্তা-২) প্রার্থীদেরকে নিয়োগপত্র প্রদর্শন সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ}।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
- ৮। অতিরিক্ত উপ-পুলিশ করিশনার (নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। চিফ একাউটেস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (নিয়োগপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা/ডিডিও, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। মাফুজুর রহমান, পিতা-মোঃ নানু মিয়া, গ্রাম-ছোট খারদিয়া, ডাকঘর-গীরের চর, উপজেলা-ভাঙ্গা, জেলা-ফরিদপুর।
- ১৪। অফিস কপি।

১/১  
(আবুল কালাম আজাদ)  
উপসচিব